

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেট ও রিটার্নিং অফিসারের কার্যালয়
জয়পুরহাট
(জুডিশিয়াল মুন্সিখানা)
www.joypurhat.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.৩৫.০০৪.২৩- ১৯

তারিখ: ১৯ পৌষ ১৪৩০
০৬ জানুয়ারি ২০২৪

গণবিজ্ঞপ্তি

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন তফসিল অনুসারে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণ অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের ৩১/১২/২০২৩ তারিখের ৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১.৮৭৪ স্মারকের আলোকে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা মোতাবেক আমি সালেহীন তানভীর গাজী, জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করলাম।

(১) ট্যাক্সি ক্যাব	(২) পিক আপ	(৩) মাইক্রোবাস	(৪) ট্রাক
--------------------	------------	----------------	-----------

২. সেই সাথে ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করলাম।

৩. উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নবর্ণিত ক্ষেত্রে শিথিল করা হলোঃ

- আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতি প্রাপ্ত পর্যবেক্ষক;
- জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;
- আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যেকোন যানবাহন;
- রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১ টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনী এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১ টি গাড়ি (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন);
- রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরী কোন কাজে ব্যবহৃত মোটরসাইকেল;
- নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটরসাইকেল এবং
- জাতীয় মহাসড়ক (Highways), বন্দরছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় চলাচল।

৪. উল্লিখিত নিষেধাজ্ঞাসমূহ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



(সালেহীন তানভীর গাজী)
জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট

ও

রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন
৩৪ জয়পুরহাট-১ ও ৩৫ জয়পুরহাট-২
ফোন নং- ০২৫৮৯৯১৫০৫১